গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১১.১২.১৬২.১৯-৩৮৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতালসমূহের বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ২. | জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ৩. | জুনিয়র কনসালটেন্ট (পেডিয়েট্রিক) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ৪. | জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ৫. | জুনিয়র কনসালটেন্ট (রেজিওলজি এন্ড ইমেজিং) | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | (ক) স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাশ অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা ও বি.এম.ডি.সি থেকে নিবন্ধনভূক্ত হতে হবে এবং<br>(খ) সহকারী সার্জন হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি অথবা ডিপ্লোমা অথবা বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকবে হবে। |
| ৬. | ডেন্টাল সার্জন | ০১টি | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) | স্বীকৃত ডেন্টাল কলেজ হতে বিডিএস পাশ সহ বি এম ডি সি সনদপ্রাপ্ত হতে হবে এবং সহকারী ডেন্টাল সার্জন হিসেবে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | মেডিকেল অফিসার | ০৭টি | ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে এমবিবিএস পাসসহ বাংলাদেশ মেডিকেল এবং ডেন্টাল কাউন্সিল থেকে রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। |
| ৮. | সহকারী প্রোগ্রামার | ০১টি | ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স (CS)/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ন্যুনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৯. | সিনিয়র স্টাফ নার্স | ১০টি | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি অথবা বিএসসি ইন নার্সিং ডিগ্রি এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক রেজিস্টার্ড হতে হবে। |
| ১০. | উপসহকারী প্রকৌশলী (সিভিল) | ০১টি | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রিধারী হতে হবে। |

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১১. | কঞ্জারভেন্সী অফিসার | ০২টি | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল)/এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং কোর্স সম্পন্ন। |
| | মোট = | ২৭টি | | |

## শর্তাবলী

১। আবেদনের শেষ তারিখ **২০ আগস্ট ২০২৩** এবং প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। চাকরির আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১১ জুলাই, ২০২৩ তারিখে সর্বোচ্চ ৩০ বছর। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

৩। ক্রমিক নং-১ হতে ৬ এ বর্ণিত পদের ক্ষেত্রে ১১ জুলাই, ২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর হতে হবে।

৪। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। একইভাবে শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় ভুক্ত হলে যথাক্রমে জেলা সমাজ সেবা অফিস ও জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।

৫। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে।

৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত: পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://job.shmrmi.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী https://job.shmrmi.gov.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৭। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে প্রিলিমিনারি পরীক্ষা নেয়া যেতে পারে।

৮। আবেদন ফি: ক্রমিক নং-১ থেকে ৮ এর ক্ষেত্রে ৬০০ (ছয়শত) টাকা এবং ৯ হতে ১১ এর ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা (চার্জ প্রযোজ্য)।

৯। প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতা সম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদে চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে সরকারের জারিকৃত/প্রকাশিত সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

১২। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতালসমূহে বদলিযোগ্য হবে।

১৩। চূড়ান্তভাবে নির্বাচিত ও পেমেন্ট ভেরিফাইড প্রার্থীদের Online এর মাধ্যমে প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসঙ্গতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্বাক্ষরিত/-**
১১/৭/২০২৩
**মহাপরিচালক**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস